Probasee Bengalee Association New Zealand

শুভ নববর্ষ!

Poila BOISHAKH 2023

প্রতিবেদন

নমস্কার। আমরা আমাদের সদস্যদের 2022 - 2023 সালের বার্ষিক ম্যাগাজিনের পুনরাম্ভ হওয়াতে নিউজিল্যান্ড এর প্রবাসী বাঙালি (বেন্গলী) এসোসিএসনের ইসির তরফ থেকে আন্তরিকভাবে স্বাগত জানাই। বার্ষিক ম্যাগাজিনটি 22 বছর আগে তার নম্র প্রবর্তনের পর থেকে অনেক দূর এগিয়েছিল, এবং কোভিডে-19 হওয়ার আগে সর্বশেষ সংস্করণটি আকর্ষণীয় সম্পাদকীয় দ্বারা পরিপূর্ণ ছিল। অনুপ্রেরণামূলক সাক্ষাত্কার থেকে চিন্তা-উদ্দীপক নিবন্ধ, এই পৃষ্ঠাগুলিতে প্রত্যেকের জন্য কিছু না কিছু ছিল। আজ সেই তুলনায় কম গল্প লেখা জমা পড়েছে। তবে যাকে বলে "নাই মামার থেকে কানা মামাও ভাল" ।

আমরা আরো অংশগ্রহণ চাই। ভালো নিবন্ধ, কবিতা আর সাক্ষাৎকার এবং সৃজনশীল কাজ।

আমি ব্যক্তিগতভাবে আমাদের তরুণ ইসি কমিটির আরও গল্প সংগ্রহের জন্য আপনার সমর্থনের অনুরোধ করছি। আমাদের বার্ষিক ম্যাগাজিন হবে রোমাঞ্চকর গল্প এবং চিত্তাকর্ষক বৈশিষ্ট্যগুলির একটি সংকলন যার লক্ষ্য পাঠকদের একটি অতুলনীয় স্তরের বিনোদন প্রদান করা। রোমাঞ্চকর গল্প থেকে শুরু করে চিন্তা-উদ্দীপক প্রবন্ধ।

ভবিষ্যতে, আমরা আমাদের পত্রিকার মান সমুন্নত রাখতে সক্ষম হবই। যারা বর্তমান পত্রিকায় গল্প অবদান করেছেন আমরা তাদের প্রশংসা করি এবং আমরা কৃতজ্ঞ।

আমরা আপনাকে কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে 1429 সালের নতুন বাংলা বছরের শুভেচ্ছা জানাই।

– পবিত্র রায়, সভাপতি ।

Letter from the General Secretary: -
Date – 02nd April'23

On behalf of our Probasee Bengalee Association Executive Committee, I would like to seize this opportunity to thank all those who are members of our association as well as those who have supported our association to continue and grow not just in terms of its membership but also in terms of its activities and its prominence.

The main challenge faced by any association or organization is – 'staying relevant'. The main challenge is the continuation of an association, doing meaningful work in society for its members and the wider community. An organisation lives and dies on the sword of 'funding' for its sustainability especially any 'non-profit' organisation such as ours.

The last couple of years since March 2020, changed the face of life across the globe, and we all faced something which we will all remember as it happened during our lifetime. But now, Life in general is on the mend aside other economic and social problems which for ever will continue and we all take in our strides.

We are in a 'transition phase' and by that, I mean, we want the 'youth of today' to become 'leaders of tomorrow'. We want our youth to be involved and own this association and take it to great heights. We know that each day is bringing significant challenges and pressures on operations of 'non-profit organization and on their leadership. But we can rest assured, non-profit leaders rise to challenges every day with ingenuity, compassion, resilience, fortitude and integrity. The road ahead will be long, the climb will be steep, but we are assured you will encourage and stand shoulder to shoulder with us.

We will get there…….

Sincerely,

Shopan

OUR SPONSORS AND DONORS

Pub Charity™ Limited

JPunjab NZ
From our family to yours

New Zealand Pranic Healing Foundation Inc.
Maori Oranga

AJADZ
INDIAN CUISINE

BRAHMA KUMARIS

Feeling & Healing

PAK'nSAVE
OUR POLICY: NZ'S LOWEST FOOD PRICES
Your PAK'nSAVE location:
Mt Albert
Address: 1167-1177 New North Rd, Mt Albert, Auckland, 1025
Hours: 8am - 10pm, 7 days Phone: (09) 820 0218
Store Profile
on-site Fuel
View map

AB INTERNATIONAL LTD | "Bringing Together a World of Goodness"
T (09) 256 1400 F (09) 256 1402 E orders@abinternational.co.nz

বেখেয়াল

ড. ভারত মান্না

পোস্টডক্টরাল ফেলো, ইউনিভার্সিটি অফ অকল্যান্ড

শহরের সব থেকে উঁচু ছাদে দাঁড়ালে
আকাশটা খুব কাছে নেমে আসে।

ঝাঁকে ঝাঁকে কাক ফিরছে দিনের শেষে
যদিও ল্যাম্পপোস্টের তারই ওদের বাসা।
ঘর বাঁধার স্বপ্ন ওদের কেউ শেখায়নি-
ভোরের আলোর স্নিগ্ধ আবির হারিয়ে,
সন্ধ্যার কালো আকাশে জমাটবাঁধা লাল রক্ত
রক্তটা লাল নাহয়ে সবুজ হতে পারতো।
কৃষ্ণচূড়ার ডালে ওই রক্ত মাখা ফুল ফুটেছে
কিন্তু বসন্ত আজও আসেনি।

রাত নামে চোখের তারায়, দূরে কোনো এক
গণিকা স্বপ্ন দেখে- একটা ছোট্ট ঘর, সামনে তুলসীতলা;
কথা ছিলো হাত ধরে, নীহারিকা যাব উড়ে
কৃষ্ণগহ্বর আজ কালপেঁচা হয়ে ডানা ঝাপটায়।
রোজ ঘুমোতে যাওয়ার আগে, একবার করে মরে যাই,
পরদিন জেগে উঠি আবার একবার মরবো বলে,
এমনি করেই এগিয়ে চলি সেই দিনটার দিকে-
কিন্তু বাঁচতে হবে, এক জীবনে অনেকবার বাঁচতে হবে।

শহরের সব থেকে উঁচু ছাদে দাঁড়ালে
আকাশটা খুব কাছে নেমে আসে।

A Prayer

On a dusky, stormy, and moonlit night
When millions of starlings chaperoned the moon bright,
I walked out into the perfumed air
And breathed for you a silent prayer,
A prayer that you achieve the height of exaltation
That you harken to the sound of triumphant jubilation,
A prayer that you excel beyond your wildest expectation
That the skies ring to the sound of felicitation,
A prayer that in Nature's love-laden bower
Moonbeams caress your dreams to flower!

Composed by Shobha Shrivastava

আকাশগঙ্গা আর অবুঝ একটা তারা

তরমিম আমার লেখা প্রথম কবিতার বই। ডায়রীতে লেখালিখি কবে থেকে, কেনো সেই স্মৃতিগুলো বলতে গেলে বড্ড বহুশ্রুত লাগে। জং না পড়লেও একঘেঁয়ে লাগে। তাই বলতে চাইনা। আমার কবিতার বই লেখাটা আসলে একটা পরিণতির মত। মনে হলো হোক এবার। লেখাগুলো আসলে জানেন তো বাঁচতে থাকার মুহুর্ত বন্দী শব্দগুচ্ছ। বিনয়, অভিনয় কিছু না করেই বলছি, আমার কবিতার লেখার কোনো রকম ক্ষমতা আছে কিনা আমি সত্যি জানিনা। জানিনা কারণ কবিতার আকাশটা ওই আমাদের আকাশগঙ্গার মত। ওর মধ্যে আমার তারাটা আছে কিনা আমি মানব চক্ষে দেখতে পাইনা। তাই চেষ্টা করে লাভ নেই। তাই এই বর্তমান পৃথিবীর বুকে দাঁড়িয়ে যখন এই আবহমান সময়ে অনেক কিছু করা অনেক সহজতর আমি তরমিম নামের আমার তারাটাকে ঐ আকাশগঙ্গায় ভাসাবো ভাবলাম। তারপর কি হবে তার ভবিষ্যৎ না ভেবে!

এরপরে যা লিখেছি তা তরমিম শব্দের মানে, আমার কাছে সেই মানে কেমন ভাবে দেখা দিয়ে গেছে, বা দিচ্ছে আমাকে না জানিয়েও। এই ছোট্ট লেখাটা শেষ হয়েছে সেই কবিতার বই থেকে একটা কবিতা দিয়ে।

সবাই ভালো থাকবেন আর রাখবেন। প্রণাম।।

মানুষের জীবনে যেসব শব্দের খুব প্রগাঢ় অর্থ রয়েছে, বলতে গেলে যে শব্দগুলো খুব আলাদা ভাবে অর্থবহ, যেমন মৃত্যু, বা জন্ম, পরিবর্তন শব্দটার আমার কাছে একটা বিশেষ জায়গা আছে। আমার মনে হয়, কবিতা মানুষের মনের পরিবর্তিত হতে থাকা সুখ, আলো, ছায়া, মেঘ, রোদ্দুর, অভিমান, দুঃখ, না পাওয়া এর লিখিত নানাবিধ রূপ। যে মন নিয়ে কবিতা লিখতে বসেছিলাম সেটা লিখতে লিখতে যতক্ষণে তার ইতি টানতে হয়, মনটা অদ্ভুত একটা না লিখতে পারা বায়বীয় এক অঞ্চলে মুহুর্মুহু পরিবর্তিত হতে থাকে। কখনো হেঁটে কখনো ভেসে। তারপর কখনো কোথাও একটা পৌঁছায়, কখনো ওই চলতে থাকাটাই গন্তব্য হিসাবে ধরে নিতে হয়।
পরিবর্তিত হতে থাকে জীবন, জীবন বোধ, জীবনে ঘটতে থাকা ঘটনারা, আসবাব পত্র থেকে, মন যে কাপড় পরে দুঃখ ঘাটে রোজ নাইতে যায়। অনেক অনেক কিছু হারিয়ে উস্কো খুস্কো চুলের খুব সাধারণ মানুষটা কয়েকটা লাইন থেকে হয়তো সামান্য কিছু খুঁজে পায়। পরিবর্তিত হতে থাকে অনেক কিছু, পরিবর্তন ঘটে দেয়াললিপির রাজনৈতিক দলের, বদলায় তুমি মন থেকে পর হলে, পরিবর্তনের সবথেকে কাছের ও চিরকালের বন্ধু সময়। এই বইয়ের লেখা গুলো বার বার পরিবর্তিত করেছে আমায়। তরমিম শব্দটির অর্থ পরিবর্তন।।

গুলি বিদ্ধ

তন্ময় হয়ে দেখছিলাম নিজেকে
কার্ডবোর্ড না টিন দিয়ে বানানো
আমার অবয়বের মাঝে
অনেকগুলো ফুটোর মধ্যে দিয়ে
একটু একটু চেতনা হবার আলো জ্বলছিল।
দেখে মনে হচ্ছিল গুলি বিদ্ধ দেহ।

গোলাপি আতর রং
মানিক চাঁপার বুক
আস্তে আস্তে আদর যত্ন না পেয়ে মারা গেছে
তার আদমশুমারি করতে বেরিয়েছিলাম
ওমা দেখি, চোখ বন্ধ করে নিল
পৃথিবী।।

শাশ্বত রায়

Sweet tribute to Dazzle

The place where you used to lay
Won't let the pain in my heart go away
You were the best friend
And companion until the end
Now you are roaming over the fields free forever
No one to stop you run
Under the golden sun
We shall meet again at the 🌈 rainbow
When the time is right
You will run into my arms and hold me tight

By Krishna Banerjee

Probasee Bengalee Association Presents

BONGOMELA 2023

Western Springs Community Hall – One

956 Great North Road, Auckland

CASH ONLY

FREE ENTRY

Join us for a fun filled evening with multiple food, fashion accessories, clothing, and handicraft stalls!

Saturday, 15th April, 2023. 7:00pm onwards

বাউল গানের ছন্দে তালে
নতুন বছর আসছে ঘুরে,
উদাসী হাওয়ার সুরে সুরে
রাঙা মাটির পথটি জুড়ে।

RAFFLE

RAFFLE